

কোথায় সে উষাময়ী প্রতিমা ।

তুমি তো নহ সে দেবী, কমলাসনা,

ক'রো না আমারে ছলনা ।

কী এনেছ ধন মান, তাহা যে চাহে না প্রাণ ।

দেবী গো, চাহি না, চাহি না, মণিময় ধূলিরাশি চাহি না,

তাহা লয়ে সুখী যারা হয় হোক, হয় হোক—

আমি, দেবী, সে সুখ চাহি না ।

যাও লক্ষ্মী অলকায়, যাও লক্ষ্মী অমরায়,

এ বনে এসো না এসো না,

এসো না এ দীনজন-কুটিরে ।

যে বীণা শুনেছি কানে, মন প্রাণ আছে ভোর,

আর কিছু চাহি না চাহি না ।

---

Parjaay: Balmiki-Pratibha, Taal: Kaharwa, Raag: Bhairavi

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail